

বুনাভা

ছাত্রলীগে নেতৃত্বের পরিসর বাড়ানো হচ্ছে : চলছে জোর লবিং

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি ১০১ থেকে বাড়িয়ে ২০১ সদস্যের করা হচ্ছে। সংগঠন সূত্র জানিয়েছে, এজন্য ছাত্রলীগের সংবিধানে প্রয়োজনীয় সংশোধনী আনা হচ্ছে। সরকারবিরোধী আন্দোলন চাঙ্গা করতে ছাত্রলীগের নেতৃত্বের পরিসর দ্বিগুণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আওয়ামী লীগের সরকার আমলে ১৯৯৮ সালে বিএনপির অঙ্গ সংগঠন ছাত্রদের কমিটির সদস্য সংখ্যাও দ্বিগুণ করা হয়েছিল।

আগামী ৩ এপ্রিল পল্টন ময়দান ও মহানগর নাট্যমঞ্চে অনুষ্ঠিত হবে ছাত্রলীগের কেন্দ্রীয়

সম্মেলন। দীর্ঘ সাড়ে তিন বছর পর এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। এতে প্রধান অতিথি ছাত্রলীগ : পৃষ্ঠা : ২ কলাম : ৮।

ছাত্রলীগ : পরিসর

(৩য় পৃষ্ঠার পর)

থাকবেন আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা। নতুন কমিটিতে স্থান পেতে ছাত্রলীগ নেতাকর্মীরা জোর লবিংয়ে ব্যস্ত হয়ে পড়েছেন। কেন্দ্রীয় কার্যালয়, ধানমন্ডি আওয়ামী লীগ অফিস, সুধা সদন সর্বত্রই ছাত্রলীগ নেতাকর্মীদের ভিড়। তারা ভিড় জমাচ্ছেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ এবং ছাত্রলীগের সাবেক ও বর্তমান শীর্ষ নেতৃবৃন্দের বাসস্থানেও।

বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের সাবেক নেতৃবৃন্দের সমন্বয়ে গঠিত ওকে কমিশন সিদ্ধান্ত নিয়েছে ছাত্রলীগে নেতার পরিধি বাড়ানো হবে। বর্তমানের ১১ সহ-সভাপতির সংখ্যা বাড়িয়ে ২১ করা হবে। যেখানে ৬ বিভাগ থেকে ৬ জনের জন্য সহ-সভাপতি পদ সংরক্ষিত থাকবে। যুগ্ম-সম্পাদক করা হবে ৬ জনকে। এখন আছে ২ জন। আর সাংগঠনিক সম্পাদক একজন থেকে ৬ জন করা হবে বলে জানা গেছে। সহ-সভাপতির সংখ্যা বৃদ্ধি করায় সহ-সাধারণ সম্পাদকের পদও বৃদ্ধি করা হবে। এছাড়া প্রতিটি ইউনিটের সদস্য সংখ্যা ১০১ জনের করা হবে। বর্তমানে ইউনিটের সদস্য সংখ্যা কোথাও ২৫, কোথাও ৩৫ আবার কোথাও ৪১ জন। সাধারণত কেন্দ্রীয় কাউন্সিলের আগে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকার দুটি মহানগর শাখার কাউন্সিল অনুষ্ঠিত হয়ে থাকে। কিন্তু এবার এসব শাখা কমিটি ছাড়া যে ২৫টি জেলা কমিটি গঠিত হওয়ার কথা ছিল সাংগঠনিক কারণে সেসব কমিটির কাউন্সিল স্থগিত করা হয়েছে। দেশব্যাপী ৮১টি জেলা কমিটির প্রতিটির কাছে ২৫ জন কাউন্সিলরের তালিকা পাঠাতে বলা হয়েছে। ইতিমধ্যে ৪৬টি কমিটির তালিকা পাওয়া গেছে। এর মধ্যে অভ্যন্তরীণ ফ্রিপিংয়ের কারণে দুটি জেলায় ৫০টি করে নাম পাওয়া গেছে।

এবার সভাপতি পদে সম্ভাব্য প্রার্থীরা হলেন বর্তমান সহ-সভাপতি বলরাম পোন্দার, কাজী এবাদত হোসেন, যুগ্ম-সম্পাদক আনিসুর রহমান, লিয়াকত সিকদার, প্রচার সম্পাদক রফিকুল ইসলাম কোতয়াল ও দফতর সম্পাদক সাইফুজ্জামান শিখর। সাধারণ সম্পাদক পদে সম্ভাব্য প্রার্থীরা হলেন : নজরুল ইসলাম বাবু, সাইফুদ্দীন নাসির, আবদুল ওয়াদুদ খোকন, আশরাফুল আজিম রুবন, মাইনুল হোসেন মোস্তাক প্রমুখ। কেন্দ্রীয় কমিটির সদস্য আবদুল আলীম সাংগঠনিক সম্পাদক প্রার্থী হলেও তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতির দায়িত্ব দেয়া হতে পারে। কারারুদ্ধ তিন ছাত্রলীগ নেতা লিয়াকত, রফিক ও বাবর মধ্য থেকেই আসতে পারে কেন্দ্রীয় কমিটির মূল নেতৃত্ব।